

SECTION-7: Special Condition

বিশেষ শর্তাবলীঃ-

- ০১) ভারপ্রাপ্ত প্রকৌশলীর পরামর্শ ও সিডিউল অনুযায়ী বিষয়ে বর্ণিত সরবরাহ কাজটি অবশ্যই সম্পন্ন করতে হবে।
- ০২) দরপত্র দাতাকে দরপত্রের সাথে অবশ্যই হাল সন নাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট সনদপত্র ও ব্যাংক কর্তৃক অতি সম্প্রতি (দরপত্র আহবানের পূর্বে নয়) ইস্যুকৃত উদ্ধৃত মূল্যের সমপরিমান বা ততোধিক মূল্যের আর্থিক স্বচ্ছতার ব্যাংক সলভেন্সী ডকুমেন্ট (Liquid Asset/Working Capital/ Credit Line) অবশ্যই দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৩) ঠিকাদারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে সরকারী/ আধা-সরকারী/ সায়ঞ্জশাসিত অথবা সরকারী মালিকানাধীন কোম্পানীতে একক কার্যাদেশে ন্যূনতম ০৪ (চার) লক্ষ টাকার লোকবল সরবরাহ/ সিভিল কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং অবশ্যই অভিজ্ঞতার সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে। প্রয়োজনীয় যোগাযোগের জন্য অভিজ্ঞতার সনদটি অবশ্যই “End User”-এর Letter Head Pad-এ সুস্পষ্টভাবে নাম, ঠিকানা, ফ্যাক্স ও ফোন নম্বর, ই-মেইল ও ওয়েবসাইট প্রভৃতি সম্বলিত হতে হবে।
- ০৪) উক্ত কাজে নিয়োজিত সকল শ্রমিককে প্রয়োজনীয় পরিমাণে PPE (Personal Protective Equipment) যেমনঃ হাতের গ্লাবস, গাম বোট/ সেফটি সু, গগলস প্রভৃতি ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক অবশ্যই সরবরাহের নিশ্চয়তা প্রদান করতে হবে। যেকোন ধরনের দুর্ঘটনার ক্ষেত্রে বাংলাদেশে প্রচলিত শ্রম আইন অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ক্ষতিপূরণ প্রদান করতে হবে অন্যথায় ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত কাজ করতে গিয়ে এপিএসসিএল-এর যেকোন সম্পদের ক্ষতি হলে, তা ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রাপ্য বিল হতে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, PPE (Personal Protective Equipment) ব্যবহার করে কাজ সমাধা করতে হবে ও ঠিকাদারী প্রতিষ্ঠানকে উক্ত PPE (Personal Protective Equipment) সরবরাহকরতে হবে।
- ০৫) উদ্ধৃতদর ঘষামাজা বিহীন, ফ্লুইড বিহীন ও পরিচ্ছন্ন হতে হবে। দর সংশোধনের প্রয়োজন হলে, উদ্ধৃত দর একটানে কেটে তার উপর সংশোধিত দর পরিষ্কারভাবে লিখতে হবে। প্রতিটি সংশোধনীর স্থানে দরপত্রদাতার অনুস্বাক্ষর অবশ্যই থাকতে হবে। একক মূল্য ও মোট মূল্যের মধ্যে অসামঞ্জস্য দেখা দিলে একক মূল্যের ভিত্তিতে মূল্যায়ন করা হবে।
- ০৬) এপিএসসিএল একটি ISO Certified জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হওয়ায় যেকোন প্রকারের পরিবেশগত দূষণ পরিহারের ব্যবস্থা গ্রহণ অত্যাৱশ্যক। অন্যথায় উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- ০৭) কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে কাজ আরম্ভ করার পূর্বে অবশ্যই শ্রমিকদের নামের তালিকা যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করতঃ অনুমোদন নিতে হবে। অনুমোদন ছাড়া কোন শ্রমিক-গ্রহণযোগ্য নয়।
- ০৮) নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া ঠিকাদারী প্রতিষ্ঠান কোন শ্রমিক-কে ছাঁটাই অথবা নতুন করে সংযোজন করতে পারবে না।
- ০৯) অপ্রাপ্ত বয়স্ক, বয়োঃ বৃদ্ধ অথবা শারীরিকভাবে কর্মে অক্ষম কোন শ্রমিক-নিয়োগ করা যাবে না।
- ১০) সকাল ৮:০০ টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত কাজ করতে হবে।
- ১১) প্রতিদিন বিদ্যুৎ কেন্দ্রের ভিতরে/কাজের স্থলে প্রবেশের সময় শ্রমিক-এর হাজিরা সংরক্ষণ করতে হবে।
- ১২) শ্রমিক-কর্তৃক যে কোন দুর্ঘটনার বা প্রতিষ্ঠানের ক্ষতি সাধিত হলে, সে জন্য ঠিকাদার দায়ী থাকবেন ও ক্ষতিপূরণ বাধ্য থাকবেন।
- ১৩) দরপত্রের সাথে শ্রমিক-এর মূল ছবিসহ জীবন বৃত্তান্ত, জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্র এবং পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দরপত্রের সহিত অবশ্যই দাখিল করতে হবে।
- ১৪) চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের যে কোন শ্রমিক-এর ব্যাপারে যে কোন সময় এপিএসসিএল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট থানার ছাড়পত্র চাওয়ার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৫) বিষয়ে বর্ণিত কাজটি করার সময় কোন শ্রমিক দুর্ঘটনায় পতিত হলে বা মৃত্যুবরণ করলে তাহার দায়-দায়িত্ব ঠিকাদারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানকেই বহন করতে হবে। নিয়োগকারী প্রতিষ্ঠান এর জন্য কোন দায় বহন করবে না।
- ১৬) কাজের সময় ঠিকাদারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের কোন প্রকার অবহেলার কারণে কর্তৃপক্ষের কোন প্রকার ক্ষতি সাধিত হলে ক্ষতির সম পরিমাণ মূল্য ঠিকাদারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের জামানত/বিল হতে কর্তন করা হবে।
- ১৭) দর বৃদ্ধির কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ১৮) ঠিকাদারী প্রতিষ্ঠানকে সরকারী বিধি-বিধান অনুযায়ী প্রযোজ্য হারে ভ্যাট, আয়কর ইত্যাদি প্রদান করতে হবে।
- ১৯) ভারপ্রাপ্ত কর্মকর্তার দ্বারা বিল প্রস্তুত পূর্বক “Competent Authority”-এর মাধ্যমে উপস্থাপন করতে হবে এবং চলতি বিল গ্রহণযোগ্য। বিলের সহিত কার্য সম্পাদন রিপোর্ট দাখিল করতে হবে।
- ২০) আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড একটি জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। কাজেই উক্ত প্রতিষ্ঠানের নিরাপত্তা ও শৃঙ্খলা বিভাগের আইন-কানুন মানিয়া চলিয়া বর্ণিত কাজটি সম্পন্ন করতে হবে।
- ২১) উপর্যুক্ত শর্তাবলী এবং পরবর্তীতে কার্যাদেশের শর্তাবলী সঠিকভাবে মানিয়া না চললে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কোন প্রকার বিল প্রদান ছাড়াই চুক্তি বাতিলসহ অন্যান্য যে কোন ব্যবস্থা গ্রহণ করবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।